**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

**(শুল্ক ও মূল্য সংযোজন কর)**

প্রজ্ঞাপণ

তারিখঃ ০৩রা আগষ্ট, ১৯৯৩। ১৯শে শ্রাবণ, ১৪০০

**এস, আর, ও নং-১৫৩-আইন/৯৩/১৫২০/শুল্ক**।–Customs Act, 1969 (IV of 1969) এর Section 219 (উক্ত আইন এর THIRD SCHEDULE এর item 2 -এর সহিত পঠিতব্য এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬৬ *[সহ পঠিতব্য ধারা ৭২এ] প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ –

১। **সংক্ষিপ্ত শিরনামা**।– এই বিধিমালা সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানি) বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।– বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,–

(ক) "আইন" অর্থ Customs Act, 1969 (IV of 1969);

(খ) "কাঁচামাল" অর্থ রপ্তানীর লক্ষ্যে পণ্য উৎপাদনের জন্য আমদানীকৃত কাঁচামাল ও মোড়ক;

(গ) "পণ্যের স্বত্বাধিকারী" অর্থ কোন শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা ব্যবস্থাপনাকারী কোন ব্যক্তি, ব্যবসায় প্রতিষ্ঠান, ব্যক্তি সংঘ বা সমিতি;

(ঘ) *[তফসিল] অর্থ এই বিধিমালার *[কোন তফসিল]

(ঙ) "বন্ডদাতা" অর্থ আইনের Section 86 এর অধীন বন্ডদাতা;

(চ) "লাইসেন্স" অর্থ আইনের Section 13 এর আওতায় কোন শিল্প প্রতিষ্ঠানকে প্রদত্ত প্রাইভেট বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স;

(ছ) "শিল্প প্রতিষ্ঠান" অর্থ সম্পর্ণ রপ্তানীমুখী কোন শিল্প প্রতিষ্ঠান, যাহা পণ্য প্রস্তুত ও রপ্তানীর লক্ষ্যে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করে; এবং

(জ) "সম্পূর্ণরপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান" অর্থ এমন কোন শিল্প প্রতিষ্ঠান যাহা তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত সকল পণ্য বিদেশে রপ্তানী করে এবং উক্ত পণ্যের কোন অংশ দেশের অভ্যন্তরে ব্যবহার বা ভোগের জন্য সরবরাহ করে না।

৩। (১) শিল্প প্রতিষ্ঠানসমূহ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে কাঁচামাল আমদানি করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত ব্যবস্থার বিকল্প হিসাবে কোন শিল্প প্রতিষ্ঠান মাষ্টার রপ্তানী ঋণপত্র (Master Export L/C) ছাড়াই সংশ্লিষ্ট কমিশনার এর অনুমতিক্রমে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি শুল্ক ও অন্যান্য করসমূহ পরিশোধ ব্যতিরেকেই আমদানি করিতে পারিবে এবং উক্তরূপ কাঁচামাল পরবর্তী রপ্তানি আদেশের বিপরীতে সমন্বয় করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কমিশনার শিল্প প্রতিষ্ঠানটির সংশ্লিষ্ট বৎসরের অব্যবহিত পর্ববর্তী বৎসরের রপ্তানিকৃত পণ্যের এক-তৃতীয়াংশ পণ্য তৈরী করিতে যে পরিমাণ কাঁচামাল প্রয়োজন, সেই পরিমাণের অধিক কাঁচামাল আমদানির অনুমতি দিতে পারিবেন না।

৪। কোন বন্ডদাতা নিম্নবর্ণিত শর্তাবলী পুরণ সাপেক্ষে রপ্তানির লক্ষ্যে পণ্য উৎপাদনের জন্য কাঁচামাল আমদানি শুল্ক ও অন্যান্য করসমূহ পরিশোধ ব্যতিরেকে ছাড় করাইতে পারিবেন, যথাঃ—

(ক) সংশ্লিষ্ট কমিশনারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার (সহকারী কমিশনার পদমর্যাদা নিম্নে নহে) নিকট ক্রেতার ঋণপত্র (মাষ্টার রপ্তানি ঋণপত্র), চুক্তিনামা এবং ক্রয়াদেশের একটি করিয়া অনুলিপি দাখিল করিবেন;

(খ) লিখিতভাবে সকল কমিশনার, কাষ্টমস্ এবং কমিশনার, কাষ্টমস্, এক্সাইজ ও মূল্য সংযোজন করকে তাহার লিয়েন ব্যাংকসমূহের নাম ও ঠিকানা অবহিত করিবেন;

(গ) বিল অব এন্ট্রি দাখিল করার সময় ক্রেতার ঋণপত্র (মাষ্টার রপ্তানি ঋণপত্র) চুক্তিপত্র বা ত্রয়াদেশ এবং অন্যান্য আনুষংগিক দলিলাদিও দাখিল করিবেন;

(ঘ) সংশ্লিষ্ট আমদানিকৃত পণ্য চালানের ইনভয়েসে ক্রেতার ঋণপত্রের নম্বর উল্লেখ রহিয়াছে মর্মে নিশ্চিত করিবেন।

৫। (১) বিধি (৪) এর দফা (ক) অধীন ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা উক্ত বিধির দফা (ক) ও (খ) এর অধীন দাখিলকৃত দলিলাদি ও কাগজ পত্র পরীক্ষা করিয়া উহা সংশ্লিষ্ট উৎপাদন সহগ এর সহিত সামঞ্জস্যপর্ণ কিনা তাহা নিশ্চিতকরণপর্বক এবং বন্ডদাতার কার্যক্রম মূল্যায়ন করিবার পর তাহার অনুকূলে ইউটিলাইজেশন পারমিশন (ইউ, পি) ইস্যু করিবেন।

(২) যে সকল ক্ষেত্রে স্বীকৃত উৎপাদন সহগ রহিয়াছে বা অনুরূপ উৎপাদন সহগ নির্ধারণের জন্য সরকার কর্তৃক স্বীকৃত কোন কমিটি, প্রতিষ্ঠান বা দপ্তর রহিয়াছে, সেই সকল ক্ষেত্রে বন্ড দাতাকে উক্ত কমিটি, প্রতিষ্ঠান বা দপ্তর হইতে প্রযোজ্য উৎপাদন সহগের প্রত্যয়ন পত্র সংগ্রহ করিয়া ইউটিলাইজেশন পারমিশন (ইউ, পি) এর জন্য আবেদন করিতে হইবে; এবং যে সকল ক্ষেত্রে উক্তরূপ স্বীকৃত উৎপাদনে সহগ নাই বা অনুরূপ সহগ নির্ধারণের জন্য উক্তরূপ স্বীকৃত কোন কমিটি, প্রতিষ্ঠান বা দপ্তর নাই সেই সকল ক্ষেত্রে বন্ডদাতাকে শুল্ক রেয়াত ও প্রত্যার্পণ পরিদপ্তরের নিকট হইতে প্রযোজ্য বিশ্লেষণ পত্র সংগ্রহ করিয়া ইউটিলাইজেশন পারমিশন (ইউ, পি) এর জন্য আবেদন করিতে হইবে।

(৩) বিধি ৪ এবং উপ-বিধি (১) এর শর্তসমূহ যথাযথভাবে পরণ হইয়াছে মর্মে নিশ্চিত হইলে সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তা শুল্কায়ন প্রক্রিয়া সমাপ্ত করিবেন এবং আমদানি শুল্ক ও অন্যান্য করসমূহ আদায় ব্যতিরেকে কাঁচামাল ছাড় দেওয়ার অনুমতি দিবেন।

(৪) বন্ডদাতা বিধি ৪ এর শর্তসমূহ পরণে ব্যর্থ হইলে বা দাখিলকৃত দালিলাদিতে জালিয়াতির আশ্রয় গ্রহণ করিলে বা কোন ভুল তথ্য পরিবেশন করিলে বা কোন মিথ্যা ঘোষণার আশ্রয় করিলে উহার দায়-দায়িত্ব সম্পর্ণভাবে তাহাকেই বহন করিতে হইবে।

৫ক। (১) তৈরী পোষাক রপ্তানিকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত কাঁচামাল খালাসের ক্ষেত্রে, বিধি ৫ এবং ৯ এর বিধান প্রযোজ্য হইবে না; এবং এইরূপ ক্ষেত্রে, এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথাঃ –

(ক) বন্ডদাতা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত একটি ফরম, অতঃপর ইউটিলাইজেশন ডিক্লারেশন বা ইউডি ফরম বলিয়া উল্লিখিত, যথাযথভাবে পরণ করিয়া উক্ত ফরমের সহিত নিম্নবর্ণিত কাগজাদি সংযুক্ত করিবেন, যথাঃ—

(অ) বিধি ৪ এর দফা (ক) ও (খ)-তে উল্লিখিত কাগজপত্রঃ

(আ) প্রোফরমা ইনভয়েস ও রপ্তানিতব্য পোষাকের স্কেচ;

(ই) ভুল বা অসম্পর্ণ তথ্য সরবরাহ এবং তজ্জনিত দায়-দায়িত্ব বন্ডদাতা কর্তৃক বহন এবং খালাসকৃত কাঁচামাল রপ্তানির অংগীকার সম্বলিত একটি স্বতন্ত্র বন্ড, যাহা আইনের Section 86 এর আওতাধীনে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে এবং বন্ডদাতা কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে;

(ঈ) কোন বিশেষ ক্ষেত্রে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হইলে আনুষংগিক অন্যান্য দলিলাদি;

(খ) বন্ডদাতা ইউডি ফরম এবং উক্ত বন্ডের চারটি বা প্রয়োজন হইলে ততোধিক অনুলিপি প্রস্তুত করিবেন এবং উহাদের প্রতিটিতেই স্বাক্ষর করিয়া উহার সহিত দফা (ক) বর্ণিত দলিলাদি সংযুক্ত করিবেন;

(গ) তৎপর বন্ডদাতা দফা (খ)-তে উল্লিখিত ইউডি ফরম, বন্ড এবং সংযুক্ত কাগজাদির সকল অনুলিপি বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন (বি, জি, এম, ই, এ) এর নিকট দাখিল করিবেন; বি, জি, এম, ই, এ প্রতিটি ইউ, ডি ফরমে এবং বন্ডে প্রদত্ত তথ্যাদি এবং সংযুক্ত অন্যান্য কাগজপত্রে যথার্থতা সম্পর্কে উক্ত ফরম ও বন্ডের সংশ্লিষ্ট অংশে প্রত্যয়ন করিয়া–

(অ) প্রত্যয়নকৃত ফরম বন্ড এবং সংযুক্ত অন্যান্য কাগজাদির একটি করিয়া অনুলিপি রাখিয়া দিবে; এবং

(আ) অনুরূপ একটি অনুলিপি সংশ্লিষ্ট বন্ডেড ওয়ার হাউসের উপর এখতিয়ার সম্পন্ন কালেক্টর [অতঃপর কমিশনার (বন্ডেড ওয়ারহাউস) বলিয়া উল্লিখিত] এর নিকট প্রেরণ করিবেন এবং অনুরূপ অবশিষ্ট অনুলিপিগুলি সংশ্লিষ্ট কাষ্টম ষ্টেশনের উপর এখতিয়ারসম্পন্ন কমিশনার বা কমিশনারগণের (অতঃপর আমাদনি পর্যায়ের কালেক্টর বলিয়া উল্লিখিত) বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবে।

(ঘ) আমদানি পর্যায়ের কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কর্মকর্তা প্রত্যয়নকৃত ফরম ও বন্ড প্রাপ্তির পর উহার সংশ্লিষ্ট অংশ পূরণ করিয়া কাঁচামাল খালাস করিবেন এবং উহাদের একটি অনুলিপি বন্ডদাতাকে ফেরত দিবেন।

(২) বি,জি, এম, ই, এ উহার নিকট দাখিলকৃত ও তৎকর্তৃক প্রত্যয়নকৃত ইউডি ফরম ও সংযুক্ত কাগজাদির অনুলিপি এবং উহাতে প্রদত্ত তথ্যাদি, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত ফরম অনুসারে প্রস্তুতকৃত রেজিষ্টারে, সংরক্ষণ করিবে এবং শুল্ক কর্তৃপক্ষ এই সকল অনুলিপি ও রেজিষ্টার পরিদর্শন ও পরীক্ষা করিতে পারিবে।

(৩) বিধি ৩ বা এই বিধির উপ-বিধি(২) তে যাহা কিছুই থাকুক না কেন, তৈরী পোষাক রপ্তানিকারী কোন বন্ডদাতা, মাষ্টার রপ্তানি ঋণপত্র বা ব্যাক-টু-ব্যাক ঋণপত্র ব্যতিরেকেই, অনধিক (৪) চার মাসের জন্য প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করিয়া নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে খালাস করাইতে পারিবেন, যথাঃ–

(ক) বন্ডদাতা কাঁচামাল আমদানির পর্বেই, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত একটি ফরমে উক্ত আমদানি সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি লিপিবদ্ধ করিয়া সংশ্লিষ্ট কমিশনার (বন্ডেড ওয়্যারহাউস)- এর নিকট একটি ঘোষণাপত্র এবং উপ-বিধি (১) (ক) (ই)-তে উল্লিখিত বন্ড এর তিনটি অনুলিপি দাখিল করিবেন এবং উক্ত কমিশনার সংশ্লিষ্ট বন্ডেড ওয়ারহাউসের ধারণ ক্ষমতার ভিত্তিতে প্রয়োজনীয় কাঁচামাল খালাসের সুপারিশ করিয়া উক্ত ফরম ও বন্ডের অনুলিপিগুলি আমদানি পর্যায়ের কমিশনারের নিকট প্রেরণ করিবেন;

(খ) উক্ত কাঁচামাল আমদানির পর, আমদানি পর্যায়ের কমিশনার বা কমিশনারগণ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তা দফা (ক) এর অধীনে কৃত সুপারিশ অনুসারে প্রয়োজনীয় কাঁচামাল খালাস করিয়া খালাসের বিষয়টি বন্ডদাতার পাস বইতে লিপিবদ্ধ করিবেন, এবং উক্ত ঘোষণাপত্র ও বন্ডের একটি অনুলিপি বন্ডদাতাকে ফেরত দিবেন এবং অপর একটি অনুলিপি কমিশনার (বন্ডেড ওয়ারহাউসের) নিকট প্রেরণ করিবেন।

(গ) উক্তরূপে খালাসকৃত কাঁচামাল হইতে তৈরী পোষাক রপ্তানির পর, বন্ডদাতা উক্ত-বিধি (১) অনুসারে ইউডি ফরম দাখিল করিবেন এবং রপ্তানিকৃত পোষাক তৈরীতে ব্যবহৃত কাঁচামালের প্রকৃত পরিমাণ উল্লেখ করিবেন;

(ঘ) খালাসকৃত কাঁচামাল হইতে যে পরিমাণ পোষাক রপ্তানি হওয়া উচিত ছিল তাহা উক্ত চার মাসের মধ্যে রপ্তানি করা না হইলে–

(অ) বন্ডদাতা অরপ্তানিকৃত কাঁচামালের উপর আমদানি শুল্কসহ অন্যান্য কর পরিশোধ করিবেন; অথবা

(আ) পরবর্তীতে যে কোন সময় উপ-বিধির অধীনে কাঁচামাল আমদানি ও খালাসের উদ্দেশ্যে (ক) দফা অনুসারে ঘোষণাপত্র দাখিলের সময় কমিশনার (বন্ডেড ওয়ারহাউস) অরপ্তানিকৃত কাঁচামাল সমন্বয় করিয়া প্রয়োজনীয় পরিমাণ কাঁচামাল খালাসের জন্য সুপারিশ করিতে পারিবেন, অথবা

(ই) যদি উপ-বিধি (১) এর অধীন কাঁচামাল খালাসের কার্যক্রম গ্রহণ করা হয় তবে আমদানি পর্যায়ের কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কর্মকর্তা উক্তরূপ সমন্বয় করিতে পারিবেন;

(৪) এই বিধির অধীনে খালাসকৃত কাঁচামাল রপ্তানি এবং তদবিপরীতে লিয়েন ব্যাংক হইতে বৈদেশিক মুদ্রা আহরণ এবং কোন ক্ষেত্রে তৈরী পোষাক অরপ্তানিকৃত থাকিয়া গেলে (ষ্টকলট) উহার পরিমাণ সম্পর্কিত তথ্যাদি উক্ত ব্যাংক, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ফরমে প্রতি তিন মাস অন্তর পরবর্তী ১৫ (পনর) দিনের মধ্যে, সংশ্লিষ্ট এলসির বিপরীতে প্রদর্শন করিয়া একটি বিবরণী কমিশনার (বন্ডেড ওয়ারহাউস) এর নিকট প্রেরণ করিবেন, এবং উক্ত সময়ের মধ্যে বিবরণী না পাওয়া গেলে উক্ত তথ্যাদি লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যায়িত করাইয়া দাখিল করার জন্য উক্ত কমিশনার সংশ্লিষ্ট বন্ডদাতাকে নির্দেশ দিতে পারিবেন।

(৫) কোন বন্ডদাতা উপ-বিধি (৪) এর বিধান বা তদধীনে প্রদত্ত নির্দেশ পালনে ব্যর্থ হইলে, তাহার অনুকূলে এই বিধির অধীন কোন কাঁচামাল খালাস বন্ধ রাখা যাইবে।

৬। (১) যে সকল কাস্টম হাউস বা ষ্টেশনের মাধ্যমে পণ্যসমূহ, আমদানী ও রপ্তানি করা হইবে সেই সকল কাস্টম হাউস বা ষ্টেশন কর্তৃপক্ষ *[তফসিলে বর্ণিত ফরমে] সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুকূলে দুইটি করিয়া পাসবই ইস্যু করিবেন। মূল পাস বইটি ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট রক্ষিত থাকিবে এবং ডুপ্লিকেট পাস বইটি শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে দেওয়া হইবে।

(২) কোন আমদানি অথবা রপ্তানি কার্যক্রম সংঘটিত হওয়ার কালে শুল্ক বিভাগের একজন কর্মকর্তা (এ্যাপ্রেইজার অথবা পরিদর্শক পদমর্যাদার নিম্নে নহেন) সংশ্লিষ্ট চালান সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী পাসবই এর উভয় কপিতে লিপিবদ্ধ করিবেন এবং শুল্ক বিভাগের প্রিন্সিপাল এ্যাপ্রেইজার অথবা সুপারিনটেনডেন্ট উহা সত্যায়িত করিবেন। সংশ্লিষ্ট তথ্যাবলী শুল্কায়ন পর্যায়ে পাসবই এ লিপিবদ্ধ করিতে হইবে এবং সংশ্লিষ্ট চালানের আউট পাশ প্রদানের সময় বন্ডদাতার পাসবই এ সংশ্লিষ্ট তথ্যাবলী যথাযথভাবে লিপিবদ্ধ পাওয়া গেলেই আউটপাস প্রদান করা হইবে। পাসবই পরীক্ষায় দায়িত্বপ্রাপ্ত শুল্ক বিভাগের কোন কর্মকর্তাকে শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ডুপ্লিকেট পাস বইটি দেখাইতে বাধ্য থাকিবেন।

৭। (১) তৈরী পোষাক রপ্তানিকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ইউডি ফরম পরণ বি, জি, এম, ই, এ কর্তৃক উহা প্রত্যয়ন, পোষাক তৈরী এবং উহা রপ্তানির উদ্দেশ্যে পরবর্তী সকল কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে তফসিল-২তে উল্লিখিত উৎপাদন সহগ অনুসরণ করিতে হইবে।

(২) যদি কোন ক্ষেত্রে কোন পোষাকের উৎপাদনসহগ তফসিল-২ না থাকে, বা তদনুসারে উহা নির্ধারণ করা সম্ভব না হয়, সে ক্ষেত্রে বিষয়টি ইউডি ফরমে সুনির্দিষ্টভাবে উল্লেখপর্বক বি,জি,এম,ই,এ, উক্ত সহগ নির্ধারণ করিয়া উহার যথার্থতা প্রত্যয়ন করিবে এবং উহার ভিত্তিতে বিধি ৫ক অনুসারে কাঁচামাল খালাস করা যাইবে।

(৩) দৈবচয়ন বা অন্য কোনভাবে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনার উপ-বিধি (২) তে উল্লিখিত উৎপাদন সহগ সঠিক বলিয়া মনে না করিলে, তাহার অনুরোধের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড উক্ত সহগ সঠিকভাবে নির্ধারণের উদ্দেশ্য, কাঁচামাল খালাস বা ক্ষেত্রমত ইউডি ফরম দাখিলের পরবর্তী তিন মাসের মধ্যে, একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করিতে পারিবে, উক্ত কমিটি এতদ্বিষয়ে বিজিএমই এ এর বক্তব্য বিবেচনান্তে উহার সুপারিশ পেশ করিবে এবং জাতীয় রাজস্ব বোর্ড উক্ত কমিটি সুপারিশের ভিত্তিতে উক্ত পোষাকের উৎপাদন সহগ নির্ধারণ করিয়া সংশ্লিষ্ট সকল কমিশনার এবং বিজিএমইএ-কে জানাইয়া দিবে এবং এই উৎপাদন সহগই চূড়ান্ত হইবেঃ তবে শর্ত থাকে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত উৎপাদন সহগের ভিত্তিতে যদি দেখা যায় যে, উক্ত পোষাক তৈরীর উদ্দেশ্যে প্রয়োজনীয় কাঁচামাল অপেক্ষা বেশী কাঁচামাল খালাস করা হইয়াছিল, তাহা হইলে–

(ক) যদি কাঁচামাল হইতে প্রস্তুতকৃত পোষাক ইতিপর্বে রপ্তানি করা হইয়া থাকে, তবে খালাসকৃত অতিরিক্ত কাঁচামালের উপর আমদানি শুল্কসহ অন্য সকল কর পরিশোধ করিতে বন্ড দাতা বাধ্য থাকিবেন; এবং

(খ) যদি উক্ত অতিরিক্ত কাঁচামাল বা উহা হইতে প্রস্তুতকৃত পোষাক রপ্তানি না হইয়া থাকে, তবে পরবর্তীতে রপ্তানিতব্য পোষাকের জন্য কাঁচামাল খালাসের সময় উক্ত অতিরিক্ত কাঁচামাল সমন্বয় করিয়া ইউডি ফরম বা ক্ষেত্রমত ঘোষণা পত্র দাখিলের জন্য কমিশনার (বন্ডেড ওয়ারহাউস) বন্ডদাতাকে নির্দেশ দিতে

পারিবেন এবং তদানুসারে সমন্বয় করিয়া প্রয়োজনীয় কাঁচামাল খালাসের জন্য শুল্ক কর্তৃপক্ষ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন।

৮। যদি কোন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট উৎপাদন সহগ অনুযায়ী পণ্যসমূহ প্রস্তুত ও রপ্তানি করার পর কাঁচামাল উদ্ধৃত্ত থাকে তাহা হইলে সংশ্লিষ্ট কমিশনারের পর্বানুমতি সাপেক্ষে উক্ত শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আরোপণীয় আমদানিশুল্ক ও অন্যান্য করসমূহ পরিশোধ করিয়া উক্ত উদ্ধৃত্ত কাঁচামাল স্থানীয় বাজারে বিক্রয় করিতে পারিবে অথবা ভবিষ্যতে রপ্তানির উদ্দেশ্যে পণ্য প্রস্তুত করিবার জন্য নতন রপ্তানি ঋণপত্রের বিপরীতে উক্ত উদ্বৃত্ত কাঁচামাল ব্যবহার করিতে পারিবে।

৯। (১) পণ্যের স্বত্বাধিকারী সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক নির্ধারিত ফরমে একটি বন্ড রেজিষ্টার সংরক্ষণ করিবেন এবং উহাতে ইউটিলাইজেশন পারমিশন (ইউ, পি) অনুযায়ী চলতি মাসের আমদানি ও রপ্তানি সংক্রান্ত তথ্যাবলী ও তৎপর্ববর্তী মাসের জের লিপিবদ্ধ করিবেন।

(২) বন্ডদাতা সংশ্লিষ্ট কমিশনার, কাস্টম হাউস অথবা কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর কর্তৃক নির্ধারিত ফরমে একটি বার্ষিক বিবরণী (আমদানি-রপ্তানির খতিয়ান) প্রস্তুত করিয়া উহা তাহার লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত করাইবেন এবং উহার একটি অনুলিপি সংশ্লিষ্ট কাস্টম হাউস বা ষ্টেশন এবং বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগে পরবর্তী বৎসরের ১৫ই জানুয়ারীর মধ্যে দাখিল করিবেন এবং উহার একটি অনুলিপি তাহার নিজ কার্যালয়েও সংরক্ষণ করিবেন।

(৩) বন্ডদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে উপ-বিধি (২) এ উল্লিখিত বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া তাহার অনুকূলে ইউটিলাইজেশন পারমিশন (ইউ,পি) ইস্যু করা এবং কাঁচামালের চালান ছাড় দেওয়া বন্ধ রাখিতে পারিবেন।

১০। প্রতিটি কাস্টম হাউস অথবা কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর কমিশনারের পরিদর্শনকারী দল উহাদের আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের বার্ষিক পরিদর্শনকার্য সংশ্লিষ্ট বৎসরের পরবর্তী বৎসরের ৩১শে মার্চের মধ্যে সম্পন্ন করিবে। তবে প্রয়োজনবোধে কমিশনারের লিখিত আদেশের ভিত্তিতে কোন শিল্প প্রতিষ্ঠান বৎসরে একাধিকবার পরিদর্শন করা যাইতে পারে। পরিদর্শনকারী দল কাঁচামাল, রপ্তানিকৃত পণ্য এবং মজুদ কাঁচামালের পরিমাণ নির্ণয় করিবেন এবং সংশ্লিষ্ট কমিশনারের কাছে এই বিষয়ে বিস্তারিত প্রতিবেদন উক্ত ৩১শে মার্চের পরবর্তী ৩০শে এপ্রিলের মধ্যে দাখিল করিবে এবং সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের পাসবই এর মন্তব্য কলামে পরিদর্শনের সময় ও তারিখ উল্লেখপর্বক মতামত লিপিবদ্ধ করিবে। যদি ইতিপর্বে যাচাইকৃত কোন বিশেষ সময়সীমা সংক্রান্ত দলিলাদি পুনরায় পরীক্ষা করার প্রয়োজন হয়,তাহা হইলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনারের পর্বানুমতির প্রয়োজন হইবে। বন্ডদাতা পরিদর্শনকারী দলের চাহিদা অনুযায়ী পরিদর্শনের সময় সংশ্লিষ্ট যে কোন দালিলাদি দেখাইতে বাধ্য থাকিবেন।

১১। বন্ডদাতা আইনের CHAPTER XI –এর বিধানাবলী অনুসরণ করিতে বাধ্য থাকিবেন।

১২। এই বিধিমালা কার্যকরী করার লক্ষ্যে সকল কমিশনার, কাস্টমস এবং কমিশনার কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর প্রয়োজন অনুযায়ী স্থায়ী আদেশ অথবা অফিস আদেশ জারী করিতে পারিবেন।

১৩। কোন শিল্প প্রতিষ্ঠান এই বিধিমালার অধীন বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের জন্য আবেদন করিলে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা পালন সাপেক্ষে জরুরী ভিত্তিতে লাইসেন্স প্রদান করিতে হইবে।

১৪। সাধারণভাবে শিল্প প্রতিষ্ঠানসমূহের বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে নবায়িত হইবে, তবে যে সকল শিল্প প্রতিষ্ঠানের নিকট সরকারের বকেয়া শুল্ক বা অন্য কোন কর পাওয়া থাকে বা আইনের কোন বিধান ভংগের অভিযোগ থাকে তাহাদের বিরুদ্ধে আইনের অধীন লাইসেন্স বাতিলসহ অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১৫। Export Oriented Garments Industries (Temporary Importation) Rules; ১৯৮৫ এতদ্বারা রহিত করা হইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
* [তফসিল-১]
*[বিধি ৬(১) দ্রষ্টব্য]

সম্পূর্ণ রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠানের পাস বই আমদানি ও রপ্তানি

১। শিল্প প্রতিষ্ঠানের নাম

২। ঠিকানাঃ

৩। পাস বই নম্বরঃ

৪। শিল্প পরিদপ্তরের রেজিষ্ট্রেশন নম্বরঃ

৫। বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নম্বরঃ

৬। উৎপাদন শুরুর তারিখঃ

৭। সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের নামঃ

৮। পাস বইয়ের পৃষ্ঠা সংখ্যাঃ

৯। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে স্বাক্ষরঃ

১০। প্রদানকারী শুল্ক কর্মকর্তার স্বাক্ষরঃ

পাস বই পৃষ্ঠা ..............................................................
আমদানি তথ্য ...............................................................

| বিল /এন্টি নম্বর ও তারিখ | এল, সি নং ও তারিখ | বন্ড নম্বর ও তারিখ | কাঁচামালের মোট মূল্য ইউ, এস, ডলার | এ্যাপ্রেইজার / পরিদর্শক (স্বাক্ষর) | প্রধান এ্যাপ্রেইজার/ সুপারিনটেনডেন্ট (স্বাক্ষর) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

পরিদর্শকের মন্তব্য ..........................................................
তারিখ .......................................................................

পাস বই পৃষ্ঠা ..............................................................
রপ্তানির তথ্য ...............................................................

| বিল অফ এক্সপোর্ট নং ও তারিখ | বন্ড ও তারিখ | রপ্তানিতব্য পণ্যের বিবরণ | অনুমোদিত উৎপাদনসহ অনুযায়ী ব্যবহৃত মোট কাঁচামাল | | রপ্তানিকৃত পণ্যসমূহের মোট মূল্য ইউ, এস, ডলার | এ্যাপ্রেইজার / পরিদর্শক | প্রধান এ্যাপ্রেইজার/ সুপারিনটেনডেন্ট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | বিবরণ | পরিমাণ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

পরিদর্শকের মন্তব্য .........................................................
তারিখ ......................................................................

*[তফসিল-২]
*[বিধি দ্রষ্টব্য]
“উৎপাদন সহগ”

সম্ভর্জ্ঞা রপ্তানিমুখী তৈরী পোষাক শিল্প প্রতিষ্ঠানসমূহের জন্য কাপড় কনজামশনের মান-৪৪/৪৫″ “বহরের কাপড়ের জন্য (ডজন হিসাবে)।

| আইটেম | সাইজ | পর্ণহাতা বিশিষ্ট | | খাটো হাতা বিশিষ্ট | |
|---|---|---|---|---|---|
| | | সলিড | জিংহ্যাম | সলিড | জিংহ্যাম |
| প্রাপ্ত বয়স্ক পুরুষ ও বালকদের শার্ট | ১২ এম-৪টি<br>৪-৭<br>৭-১৪<br>৮-১৮<br>৮-২-০ | ৯.০০ গজ<br>১১.২৫ ”<br>১৪.২৫ ”<br>১৭.২৫ ”<br>১৮.২৫ ” | ৯.৫০ গজ<br>১১.৭৫ ”<br>১৪.৭৫ ”<br>১৭.৭৫ ”<br>১৮.৭৫ ” | ৮.০০ গজ<br>৯.৭৫ ”<br>১২.৭৫ ”<br>১৫.২৫ ”<br>১৬.৭৫ ” | ৮.৫০ গজ<br>১০.০০”<br>১৩.২৫”<br>১৫.৭৫”<br>১৭.২৫” |
| প্রাপ্ত বয়স্কদের জন্য | এস এম এল এক্স এল অথবা ৩৪-৪৪ বা ১৩.৫-১৭.৫ গজ | ২২.৭৫ গজ | ২৩.২৫ গজ | ১৯.০০ গজ | ১৯.৫০ গজ |

১। উপরিউক্ত উৎপাদন সহগ দ্বারা কাপড়ের দৈর্ঘ্য নির্ধারিত হইবে। প্রকৃত কনজামশন নির্ণয়ের জন্য মার্কিং দৈর্ঘ্যের সংগে প্রসেস লস হিসাবে ৪.৫% যোগ করিতে হইবে।

২। উপরিক্ত উৎপাদন সহগ ৪৪/৪৫″ বহরের কাপড়ের জন্য নির্ধারণ করা হইয়াছে। যদি কাপড়ের বহরের কোন তারতম্য ঘটে তবে সেক্ষেত্রে নিম্নে উল্লিখিত উৎপাদন সহগ অনুসরণ করতে হইবেঃ

$$\frac{\text{প্রয়োজনীয় কাপড়ের পরিমাণ} \times ৪৫''}{\text{প্রকৃত বহর}}$$

অতিরিক্ত আবশ্যকতা (ডজন হিসাব)

(ক) ১০০% সতি কাপড়ের জন্য বিশেষ অনুমোদন
হিসেবে ৪% যোগ করিতে হবে।

| | | প্রাপ্ত বয়স্কদের জন্য | শিশুদের জন্য |
|---|---|---|---|
| (খ) প্রতিটি অতিরিক্ত পকেটের জন্য | .. .. | ০.৩৩ গজ | ০.২০ গজ |
| (গ) প্রতিটি ফ্ল্যাপের জন্য | .. .. | ০.১০ গজ | ০.১০ গজ |
| (ঘ) পণ্যাকেট ফ্রন্টের জন্য - ২ পিস | .. .. | ০.৫০ গজ | ০.২৫ গজ |
| (ঙ) প্রতি জোড়া এপলেটের জন্য | .. .. | ০.৪০ গজ | ০.৩৫ গজ |

৪৪/৪৫″ বহরের কাপড়ের দৈর্ঘ্য (ডজন হিসাবে)

| আইটেম | সাইজ | পর্ণহাতা বিশিষ্ট | | খাটো হাতা বিশিষ্ট | |
|---|---|---|---|---|---|
| | | সলিড | জিংহ্যাম | সলিড | জিংহ্যাম |
| মহিলা, বালিকা এবং শিশুদের (ব্লাউজ) | ০-৪<br>৪-৭<br>৭-১৪<br>৮-১৮ | ৯.০০ গজ<br>১১.৫ ”<br>১৪.৫ ”<br>১৭.৫ ” | ৯.৫ গজ<br>১১.০ ”<br>১৫.০ ”<br>১৮.০ ” | ৮.০০ গজ<br>১০.০ ”<br>১৩.০ ”<br>১৫.৫ ” | ৮.৫ গজ<br>১০.৫ ”<br>১৩.৫ ”<br>১৬.০ ” |
| প্রাপ্ত বয়স্কদের জন্য | ৩৪-৪৬ এস এম এল<br>এক্স এল এস এম এল | ১৯.০ ”<br>২১.৬০ ” | ১৯.৫ ”<br>২২.১০” | ১৭.৫ ”<br>১৯.৫ ” | ১৮.০ ”<br>২০.০০” |

১। উপরিউক্ত উৎপাদন সহগ কাপড়ের দৈর্ঘ্যের জন্য নির্ধারণ করা হইয়াছে। প্রকৃত কনজাম্পশন নির্ণয়ের জন্য প্রসেস লগ হিসাবে মার্কিং দৈর্ঘ্যের সংগে ৪.৫% যোগ করিতে হইবে।

২। উপরিউক্ত উৎপাদন সগহ ৪৪/৪৫″ বহরের কাপড়ের উপর ভিত্তি করিয়া নির্ধারণ করা হইয়াছে। যদি কাপড়ের বহরের কোন তারতম্য ঘটে, তাহা হইলে নিম্নে বর্ণিত উৎপাদন সহগ অনুসরণ করিতে হইবেঃ

## প্রয়োজনীয় কাপড়ের পরিমাণ ×৪৫″

### প্রকৃত বহর

| অতিরিক্ত আবশ্যকতা (ডজন হিসাবে) | | গাইজ | |
|---|---|---|---|
| | | ৮-১৮/২০ | ৭-১৪ |
| (ক) | সামনে শারিং/ প্রিন্টিং এর জন্য | ০.৫০ গজ | ০.৩০ গজ |
| (খ) | পিছনে শারিং/ প্রিন্টিং এর জন্য | ০.৫০ ” | ০.৩০ ” |
| (গ) | শার-করা হাতার জন্য | ০.৭০ ” | ০.৫০ ” |
| (ঘ) | প্রতিটি অতিরিক্ত পকেটের জন্য | ০.৪০ ” | ০.৩০ ” |
| (ঙ) | প্রতিটি পকেট ফ্ল্যাপের জন্য | | ০.৩০ ” |
| | প্রতিটি পকেট ফ্ল্যাপের জন্য | ০.৩০ ” | ০.২০ ” |
| (চ) | প্রতি জোড়া এপলেটের জন্য | ০.৩০ ” | ০.২৫ ” |

| আইটেম | | সাইজঃ শিশুদের ৪-৭ | | সাইজঃ ৮১৮ মাঝারী | | সাইজঃ ১৪ ১/২-১৭ ১/২ প্রাপ্তবয়স্ক | |
|---|---|---|---|---|---|---|---|
| | | সলিড 88/8৫″ | ষ্ট্রাইপ/চেক 88/8৫″ | সলিড 88/8৫″ | ষ্ট্রাইপ/চেক 88/8৫″ | সলিড 88/8৫″ | ষ্ট্রাইপ/চেক 88/8৫″ |
| সাধারণ লম্বা প্যান্ট | .. | ১৩.১০ গজ | ১৩.৫৭ গজ | ১৮.২০ গজ | ১৮.৭৫ গজ | ২২.৪৬ গজ | ২২.৯২ গজ |
| দুইটি প্যাচ পকেটসহ প্যান্ট | .. | ১৩.৭ ” | ১৪.৯৪ ” | ১৮.৭৫ ” | ১৯.২১ ” | ২২.৯২ ” | ২৩.৩৯ ” |
| দুইটি ক্রস এবং, দুইটি ফ্ল্যাপওয়ালা পকেটসহ লম্বা প্যান্ট। | .. | ১৪.০৪ ” | ১৪.৫০ ” | ১৯.২১ ” | ২৩.৩৯ ” | ১৯.৬৮ ” | ২৩.৮৬ ” |
| দুইটি নীচের পটেকসহ লম্বা প্যান্ট | .. | ১৩.৫৭ ” | ১৪.০৪ ” | ১৮.৭৫ ” | ১৯.২১ ” | ২২.৯২ ” | ২৩.৩৯ ” |
| সাধারণ খাটো প্যান্ট | .. | ৫.৬১ ” | ৫.৮৫ ” | ৭.৯৯ ” | ৮.৪০ ” | ১০.২৯ ” | ১০.৭৬ ” |
| দুইটি প্যাচ প্যান্টসহ খাটো প্যান্ট | .. | ৬.০৮ ” | ৬.৩২ ” | ৮.৪৫ ” | ৮.৯২ ” | ১০.৯৯ ” | ১১.৪৬ ” |
| দুইটি ক্রস এবং দুইটি ফ্ল্যাপওয়ালা ব্যাক পকেটসহ খাটো প্যাপন্ট | .. | ৬.৫৫ ” | ৬.৭৮ ” | ৮.৯২ ” | ৯.৩৯ ” | ১১.২৩ ” | ১১.৭০ ” |
| দুইটি নীচের পকেটসহ খাটো প্যান্ট | .. | ৬.০৮ ” | ৬.৩২ ” | ৮.৪৫ ” | ৮.৯২ ” | ১০.৯৯ ” | ১১.৪৬ ” |
| পিছনে ইয়োকসহ সাধারণ লম্বা প্যান্ট | .. | ১৩.৫৭ গজ | ১৪.০৮ গজ | ১৮.৭৫ গজ | ১৯.২১ গজ | ২২.৯২গজ | ২৩.৩৯গজ |
| পিছনে ইয়োকসহ সাধারণ খাটো প্যান্ট | .. | ৫.৮৫ ” | ৬.০৮ ” | ৮.২২ ” | ৮.৬৯ ” | ১০.৫৩ “ | ১১.২৩ “ |
| পিছনে অর্ধেক ইলাষ্টিকসহ সাধারণ লম্বা প্যান্ট | .. | ১৪.৫০ ” | ১৪.৯০ ” | ১৯.৬৮ ” | ২০.৬২ ” | ২৩.৮৬ “ | ২৪.৩৩ “ |
| পিছনে অর্ধেক ইলাষ্টিকসহ সাধারণ খাটো প্যান্ট | .. | ৬.৬৫ ” | ৬.৭৮ ” | ৮.৯২ ” | ৯.৩২ ” | ১১.২৩ “ | ১১.৭০ “ |
| মেরোনা লম্বা প্যান্ট | .. | ১১.২৩ ” | ১১.৭০ ” | ১৬.৪১ ” | ১৬.৮৭ ” | ২০.৫৯ “ | ২১.৫২ “ |
| মেরোনা খাটো প্যান্ট | .. | ৫.৬১ ” | ৫.৯৯ ” | ৭.৯৯ ” | ৮.৪৫ ” | ১০.২৯ “ | ১০.৭৬ “ |
| সার্ক লম্বা প্যান্ট | .. | ১৪.০৪ ” | ১৪.৫০ ” | ১৯.২১ ” | ১৯.৯২ ” | ২৩.৩৯ “ | ২৪.৩৩ “ |
| সার্ক খাটো প্যান্ট | .. | ৯.৩৬ ” | ৯.৮২ ” | ১১.৭৩ ” | ১২.২০ ” | ১৪.৯৭ “ | ১৫.৪৪ “ |
| স্কার্ট | .. | ২২.৪৬ ” | ২৩.৩৯ ” | ২৭.১৭ ” | ২৮.৫৭ ” | ২৯.৯৪ “ | ৩১.৮১ “ |

১। উপরিউক্ত উৎপাদন সহগ কাপড়ের দৈর্ঘ্যের জন্য নির্ধারিত করা হইয়াছে। প্রকৃত কনজামশন নির্ণয়ের জন্য প্রসেস লস হিসাবে মার্কিং দৈব্যের সংগে ৪.৫% যোগ করিতে হইবে।

২। উপরিউক্ত উৎপাদন সহগ ৪৪/৪৫″ বহরের কাপড়ের উপর ভিত্তি করিয়া নির্ধারণ করা হইয়াছে। যদি বহরের কোন তারতম্য ঘটে তাহা হইলে নিম্নে বর্ণিত উৎপাদন সহগ অনুসরণ করিতে হইবেঃ

| অতিরিক্ত আবশ্যকতা (ডজন হিসাবে) | প্রয়োজনীয় কাপড়ের পরিমাণ ×৪৫″ প্রকৃত বহর | | |
|---|---|---|---|
| | শিশু | মাঝারী | প্রাপ্ত বয়স্ক |
| ১। প্রতিটি অতিরিক্ত প্যাচ পকেটের জন্য কাপড়ের প্রয়োজনীয়তা। | ০.৫০ | ০.৭০ | ০.৯০ |
| ২। প্রতিটি ভিতরের পকেটের জন্য কাপড়ের প্রয়োজনীয়তা | ০.৮০ | ১.০০ | ১.১৫ |

| | | | |
|---|---|---|---|
| (কাপড় লাইনিং ধরনের অথবা এই ধরনের হতে পারে)। | | | |
| ৩। বন্ড পকেটের (পিছনের পকেট) জন্য কাপড়ের অথবা একই ধরনের হতে পারে (১,২ ও ৩) এর জন্য ঋণপত্রে উল্লেখিত কাপড় আমদানি করা যেতে পারে। | ০.৭০ | ০.৯০ | ১.০০ |
| ৪। ৪টি সামনের পিণ্ডটের জন্য কাপড়ের প্রয়োজনীয়তা (ঋণপত্রে উল্লেখিত হলে আমদানি করার অনুমতি দেয়া যেতে পারে)। | ০.৭৫ | ০.৭৫ | .০৭৫ |
| ৫। কর্ডরয় কাপড়ের জন্য বিশেষ অনুমোদন হিসাবে ৪% অনুমোদন করা হবে। *[ফরম] | | | |

পোষাক শিল্প প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা

**বিষয়ঃ ইউটিলাইজেশন ডিক্লারেশন**

১। ইউ, ডি, নং ঃ

২। বন্ডারের নাম ঃ

৩। (ক) বন্ড লাইসেন্স নং ঃ

(খ) ভ্যাট নিবন্ধন নং ঃ

৪। বিজিএমইএ-তে প্রতিষ্ঠানের ক্রমিক নং ও বৎসর ঃ

৫। ক্রেতার নাম ও ঠিকানা ঃ

৬। রপ্তানি ঋণপত্র নং ও মূল্য ঃ

৭। আমদানি ঋণপত্র নং, তাং ও মূল্য ঃ

৮। লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

৯। কাঁচামাল ও আন্তঃদ্রব্যাদি সরবরাহকারীর নাম ও দেশ ঃ

১০। উৎপাদিতব্য পণ্যের / পোষাকের

(ক) বিবরণ ঃ

(খ) পরিমাণ ঃ

(গ) ষ্টাইল / অর্ডার নং ঃ

(ঘ) কোটা / ননকোটা / ক্যাটাগরী নং ঃ

১১। বর্ণিত পণ্যের / পোষাকের মোট পরিমাণ (ষ্টাইল/অর্ডার অনুযায়ী) ঃ

১২। বি,জি,এম,ই-এর ইউটিলাইজেশন কমিটির সুপারিশ পত্র নম্বর ............ তারিখ............এস, আর, ও নং ......... তারিখ.................. অনুযায়ী প্রয়োজনীয় কাপড় ও আনুষংগিক দ্রব্যাদির বিবরণ: ঃ

১৩। সর্বমোট কাপড় ঃ

১৪। মালামাল জাহাজীকরণের মেয়াদ ঃ

বন্ডারের সীল ও স্বাক্ষর

১৫। (ক) উপরোক্ত ঘোষণা/ তথ্যাদি সঠিক পাওয়া গেল;

(খ) তৈরী পোষাক রপ্তানির সময় শুল্ক বন্দর / ষ্টেশনের বি, জি, এম, ই, এ-এর মনোনীত প্রতিনিধির স্বাক্ষরযুক্ত পোষাকের নমুনা দাখিল করা হবে;

(গ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং ........................... তারিখ .......................এর শর্তসমূহ মোতাবেক বি,জি,এম,ই,এ আমদানী / রপ্তানির হিসাব সংরক্ষণ করবে এবং যথাসময়ে বন্ডারের ত্রৈমাসিক বিবরণী লিয়েন ব্যাংকের প্রত্যায়নসহ অধিক্ষেত্রের কালেক্টর এর নিকট পেশ করা হবে; ও (ঘ) এই ইউ,ডি'র বিপরীতে বন্ডার কর্তৃক সম্পাদিত বন্ড (রিসিভিং নং ......................তাং..........), এলসি ও অন্যান্য প্রাসঙ্গিক ডকুমেন্টসের কপি আমাদনিপর্যায়ের কমিশনারসহ অধিক্ষেত্রভুক্ত কমিশনারের নিকট প্রেরণ করা হল;

সত্র নং........................................, তাং..........................................

বি,জি এম, ই, এ-এর মনোনীত

কর্মকর্তার নাম স্বাক্ষর, পদবী ও তাং

**ইউ, ডি (ইউটিলাইজেশন ডিক্লারেশন) প্রত্যয়ন রেজিষ্টার**

**(প্রতিষ্ঠানওয়ারী বিজিএমইএ-এর অফিস সংরক্ষণ করবে)**

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ

বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নম্বরঃ

লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানাঃ

| ইউ,ডি এর ক্রমিক নম্বর ও তারিখ | প্রাসংগিক বন্ড এ-এর নম্বর ও তারিখ | এক্সপোর্ট এলসি/ বিবি এলসি /বা অন্য এলসি-এর নম্বর ও তারিখ উহাদের মূল্য (মাঃ ডঃ) | বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা | আমদানিতব্য কাঁচামালের সরবরাহ-কারীর নাম ও ঠিকানা | আমদানিতব্য কাঁচামালের বর্ণনা ও মূল্য (মাঃ ডঃ) | সংশ্লিষ্ট কমিশ-নারের প্রেরণের সত্র ও তারিখ। |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

**বন্ড রেজিষ্টার (প্রতিষ্ঠানওয়ারী বিজিএমইএ-এর অফিস সংরক্ষণ করবে)**

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নম্বর ঃ

লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

| বন্ডের ক্রমিক নম্বর | প্রাসংগিক ইউ,ডি, এর নম্বর ও তারিখ। | এক্সপোর্ট এলসি /বিবি এলসি/ বা অন্য এলসি-এর নম্বর, তারিখ ও উহাদের মূল্য (মাঃ ডঃ)। | বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা। | আমদানি-তব্য কাঁচা-মালের সরবরাহ-কারীর নাম ও ঠিকানা। | আমদানি-তব্য কাঁচা-মালের বর্ণনা ও মূল্য (মাঃডঃ)। | সংশ্লিষ্ট কমিশনারের প্রেরণের সত্র ও তারিখ। |
|---|---|---|---|---|---|---|

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

(যথাযথ মূল্যের ননজুডিশিয়াল ষ্ট্যাম্পের উপর)

আমি/আমরা ঃ ........................................................ মেসার্স ...................................... এর স্বত্বাধিকারী (অতঃপর বন্ডার বলিয়া উল্লিখিত, যাহাতে আমার/আমাদের উত্তরাধিকারী, প্রশাসক, ব্যবস্থাপক, নির্বাহক, অধিকার প্রাপ্ত ব্যক্তি অন্তর্ভুক্ত হইবেন) প্রথম পক্ষ এবং বাংলাদেশ এর রাষ্ট্রপতি, কমিশনার অব কাষ্টমস-এর মাধ্যমে (অতঃপর কমিশনার বলিয়া উল্লিখিত) দ্বিতীয় পক্ষ এর মধ্যে অদ্য .......................................... ১৯........... তারিখে অত্র বন্ড সম্পাদিত হইল।

বিজিএমইএ কর্তৃক প্রত্যয়নকৃত আমার/আমাদের ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউ, ডি) নম্বর................................, তারিখ ................................ এ নির্ধারিত কো-এফিসিয়েন্ট সহগ জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজন বোধ করিলে তিন মাসের মধ্যে পর্যালোচনা করার অধিকার সংরক্ষণ করিবে এবং এ ব্যাপারে বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করিতে পারিবে। এই পর্যালোচনায় যদি বিজিএমইএ কর্তৃক নির্ধারিত সহগ বিবেচিত না হয় তবে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পুনঃ নির্ধারিত সহগ বলবৎ হইবে এবং এরূপ ক্ষেত্রে অতিরিক্ত আমদানীকৃত কাঁচামাল বাবদ প্রাপ্য সরকারী রাজস্ব আমি/আমরা (বন্ডার) সরকারী কোষাগারে জমা দিতে আইনত বাধ্য থাকিব এবং উপরে উল্লিখিত ইউটিলাইজেশন ডিক্লারেশন-এ উল্লিখিত পণ্যের (আমদানিকৃত কাঁচামাল) সংগে জড়িত যে কোন অংকে সরকারী প্রাপ্য রাজস্ব বকেয়া শুল্ক-কর হিসাবে কালেক্টর কর্তৃক আদায়যোগ্য হইবে।

আমি/আমরা (বন্ডার) প্রতিশ্র“তি প্রদান করিতেছি যে, উপরিউক্ত ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউ, ডি)-এ উল্লিখিত পরিমাণ পণ্য (কাঁচামাল) আমদানি করিয়া এর দ্বারা পণ্য উৎপাদন/প্রস্তুত করিয়া স্থানীয় মূল্য সংযোজনসহ উৎপাদিত/প্রস্তুতকৃত পণ্য বিদেশে রপ্তানি করিব। এজন্য কমিশনার, প্রয়োজনীয় আইনগত আনুষ্ঠানিকতা পালনপর্বক শুল্ক, মূসক ইত্যাতি আদায় ব্যতিরেকে উপরিউক্ত ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউ, ডি)-এ উল্লিখিত পরিমাণ পণ্য (কাঁচামাল) আমদানির ও বন্ডজাত করার অনুমতি প্রদান করিবেন। এই বন্ডের সহিত আমদানী পয়েন্টে যে সকল রিস্ক, বন্ড ও ডিউটি বন্ড সম্পাদন করা হইবে উহাদের প্রয়োগ ও প্রাসংগিকতা অক্ষুন্ন ও অভিন্ন থাকিবে এবং প্রয়োজনবোধে পৃথকভাবে বা একত্রে প্রয়োগ ও বলৎ হইবে।

আমি/আমরা (বন্ডার) আরও প্রতিশ্র“তি প্রদান করিতেছি যে, যদি উপরিউক্ত ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউ, ডি)-এ কোন মিথ্যা ঘোষণা, অসত্য তথ্য, অযৌক্তিক সহগ, বিবরণী ইত্যাদি পাওয়া যায় অথবা ঋণপত্রে নির্ধারিত সময়সীমা বা ঋণপত্রে বর্ধিত সময়সীমা বা শুল্ক আইন, ১৯৬৯ এর ৯৮ ধারার নির্ধারিত সময়সীমার মধ্যে (যাহা পর্ববর্তী হয়) উপরিউক্ত ইউটিলাইজেশন (ইউ,ডি)-এ উল্লিখিত পরিমাণ আমদানীকৃত কাঁচামাল দ্বারা তৈরী পোষাক রপ্তানি করিয়া রপ্তানির সপক্ষে সংশ্লিষ্ট শিপিং ডকুমেন্টস্ এবং সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের প্রসিডস রিয়েলাইজেশন সার্টিফিকেট (চজঈ) দাখিল করিতে না পারি তবে আমদানিকৃত কাঁচামালের উপর প্রদেয় শুল্ক, মূসক ইত্যাদিসহ কালেক্টর কর্তৃক আরোপিত জরিমানা ও নিরূপিত সুদ প্রদান করিতে উক্ত শুল্ক আইন ও বিদ্যমান অন্যান্য আইনের আওতায় কোন আইনগত পদক্ষেপ গ্রহণ করা হইলে তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

এই বন্ডের শর্তসমূহ পালিত হওয়ার সংগে সংগে ইহা বাতিল বলিয়া গণ্য হইবে। অন্যথায় ইহা বলবৎ থাকিবে।

সাক্ষী

১। বন্ডারের স্বাক্ষর

২। (নাম, ঠিকানা ও সীলমোহর)

প্রত্যায়িত। গৃহীত।

বিজিএমইএ কর্মকর্তার স্বাক্ষর কালেক্টর অব কাষ্টমস

(নাম, ঠিকানা ও সীলমোহর) (রাষ্ট্রপতির পক্ষে)

| | |
|---|---|
| বিজিএমইএ- এর বন্ড রেজিষ্টার | কালেক্ট/কাষ্টম হাউসের বন্ড মনিটরিং রেজিষ্টার |
| এন্ট্রি নং- | এন্ট্রি নং- |
| তারিখ- | তারিখ- |

**চার মাসের প্রয়োজনীয় কাঁচামালের আমদানির ঘোষণা পত্র।**

| | | | |
|---|---|---|---|
| ১। | বন্ডারের নাম ও ঠিকানা | ঃ | |
| ২। | (ক) বন্ড লাইসেন্স নম্বর | ঃ | |
| | (খ) ভ্যাট রেজিষ্ট্রেশন নম্বর | ঃ | |
| ৩। | লিয়েন ব্যাংক এর নাম ও ঠিকানা | ঃ | |
| ৪। | এল সি নম্বর ও তারিখ<br>(যদি এলসি খোলা হয়ে থাকে) | ঃ | |
| ৫। | প্রয়োজনীয় কাঁচামাল<br>কাঁচামালের বর্ণনা | ঃ | পরিমাণ / সংখ্যা / টাকা মূল্য<br>(মাঃ ডঃ) |
| ৬। | ইতিপর্বে এই পদ্ধতিতে কোন কাঁচামাল আমদানি করে থাকলে, কবে করা হয় এবং উহার বর্ণনা পরিমাণ / সংখ্যা | | মূল্য (মাঃ ডঃ) |
| ৭। | (ক) কি পরিমাণ রপ্তানি করা হয় পরিমাণ | ঃ | মূল্য (মাঃ ডঃ) |
| | (খ) শিপিং বিল ও পি আর পি নম্বর ও তারিখসহ কপি | ঃ | |
| ৮। | (ক) উপরোক্ত ঘোষণা / তথ্যাদি সঠিক | ঃ | |

(খ) আমদানিতব্য কাঁচামাল আমদানির পর পোষাক / পণ্য উৎপাদন করে চার মাস সময়কালে রপ্তানি নিশ্চিত করিব এবং রপ্তানির কাজ সম্পর্ণ না করা অবধি এই পদ্ধতিতে কাঁচামাল আমদানি করিব না এবং করিলে শুল্ক কর্তৃপক্ষ আইনগত যে পদক্ষেপ গ্রহণ করিবে উহা মানিয়া নিতে বাধ্য থাকিব।

বন্ডারের স্বাক্ষর

(নাম, ঠিকানা ও সীলমোহর)

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে**

এ, কে, রিয়াজুল করিম

প্রথম সচিব (শুল্ক)

*    এসআরও ২৭১-আইন/৯৪/১৫৬৪ তারিখ ১৯/৯/৯৪ দ্বারা সংশোধিত। ০১-১০-৯৪ তারিখ থেকে কার্যকর।